



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২১ ফেব্রুয়ারি-২০১৮, বুধবার 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে সকালে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এ সময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে, দিবাগত রাত ১২.০১ মিনিটে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহীদ মিনারে উপাচার্যের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তর পক্ষ থেকে আলাদা আলাদা ভাবে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি (জবিবিস), বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সহায়ক কর্মচারী সমিতি, বাঁধন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট, রেঞ্জার ইউনিট জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ইউনিট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি, আমরা মুক্তিযোদ্ধার সন্তান, বাংলাদেশ ছাত্র মৈত্রী, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টসহ অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এসময় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এদিকে, ২০ ফেব্রুয়ারি (মঙ্গলবার) সন্ধ্যা হতে একুশে ফেব্রুয়ারি দিবাগত রাত ১২টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের উদ্যোগে 'চেতনায় একুশ' নামক কবিতা, গান, গল্প ও প্রবন্ধ পাঠের আসর আয়োজিত হয়।